

সৃজনশীল বাংলাদেশ



বাংলাদেশ শিল্পকলা একাডেমি

সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

[www.shilpakala.gov.bd](http://www.shilpakala.gov.bd)

তাগিদপত্র

হাওলা

বাশিএ/প্রশা:/সা:/১/৮৮(পাট-১)/৫৬৮(১-৮)

তারিখ: ০৬.১০.১৯

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উপলক্ষে 'আমার প্রস্তাব, আমার প্রত্যয়' শীর্ষক তথ্য ছক প্রেরণ।

সূত্র: একাডেমির ২৮-৮-১৯ তারিখের বাশিএ/প্রশা:(সংস্থাপন)/৩৭(ক)/৮৯/পাট-৯/৩০৬ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'জাতীয় পতাকা হাতে স্পন্দিত বুকে মনে হয় আমিই মুজিব' শ্লোগানকে ধারণ করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী দেশব্যাপী গবেষণা ভিত্তিক তথ্য ছক 'আমার প্রস্তাব, আমার প্রত্যয়' তথ্য ছক পূরণপূর্বক ৩১ অক্টোবর ২০১৯ এর মধ্যে মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, রমনা, ঢাকা- ১০০০ বরাবর প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছিল এবং এই পত্রে পুনরায় অনুরোধ জানানো হলো।

২। সকল জেলা, উপজেলা, ইউনিয়ন ও গ্রামের শিশু-কিশোর, ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, সংস্কৃতিকর্মী, খেলোয়াড়, ক্রীড়া সংগঠক, সাংবাদিক, সকল অফিসের কর্মকর্তা-কর্মচারী, শ্রমিক, কৃষক, বীর মুক্তিযোদ্ধা, সমাজকর্মী, রাজনৈতিক ব্যক্তিবর্গসহ সর্বস্তরের জনগণ কর্তৃক তথ্য ছক পূরণপূর্বক প্রেরণ করতে হবে।

৩। সারাদেশ থেকে প্রাপ্ত তথ্যছকসমূহ যাচাই-বাছাই পূর্বক সেরা ২০জন সৃজনশীল ধারণা প্রদানকারীকে পুরস্কৃত করা হবে এবং সৃজনশীল ধারণাসমূহ বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবে বাংলাদেশ শিল্পকলা একাডেমি।

৪। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে উৎসর্গীকৃত "পুষ্পকানন" সারাদেশে নির্মাণ শুরু হয়েছে এবং এই আয়োজনটি ব্যাপক নন্দিত ও প্রশংসিত হয়েছে। আপনার উপজেলায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে উৎসর্গ করে পুষ্পকানন নির্মাণ করে ছবিসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, প্রত্যেকটি ফুলগাছ একজন করে শিক্ষার্থী রোপন করবে এবং শিক্ষার্থীদের নামফলক গাছের পার্শ্বে যুক্ত থাকবে।

৫। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে উৎসর্গীকৃত "পুষ্পকানন" স্কুল, কলেজ, মাদ্রাসা, বিশ্ববিদ্যালয়, খোলা মাঠ, সরকারি, বেসরকারি, স্বায়তশাসিত প্রতিষ্ঠানে স্থাপন করা যাবে।

৬। জেলা ও উপজেলা শিল্পকলা একাডেমি এই কার্যক্রম পরিচালনার স্থানীয় খাত হতে ব্যয় নির্বাহ করতে পারবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

ফুলপুর, ময়মনসিংহ।

[www.phulpur.mymensingh](http://www.phulpur.mymensingh)

স্মারক নং: ০৫.৪৫.৬১৮১.০০০.১০.০১৯.১৪. ৫৬৬

তারিখ: ২৮/১০/১৯

উপর্যুক্ত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হল।

১। উপজেলা..... অফিসার,  
ফুলপুর, ময়মনসিংহ।

২। জনাব.....

(মোঃ সাইফুল ইসলাম)

উপজেলা নির্বাহী অফিসার

ফুলপুর, ময়মনসিংহ

ফোন: ০৯০৩৩-৫৬০০৫

[unofoulpur@mopa.gov.bd](mailto:unofoulpur@mopa.gov.bd)